

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
প্রজেক্ট শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২২.১৪.১৯৮.১৯.৩০৩

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭

০৫ আগস্ট ২০২০

বিষয়: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়নকৃত ERP সফটওয়্যারের সংক্ষিপ্ত পরিচিতি, উল্লেখযোগ্য বৈশিষ্ট্য ও সুবিধাসমূহ সম্পর্কে অবহিতকরণ।

সূত্র: বিসিসি'র স্মারক নম্বর: ৫৬.০১.০০০০.০২২.১৮.০০১.১৯.১৪; তারিখ: ২৯ জুলাই ২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, “ডিজিটাল বাংলাদেশ” রূপকল্প বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় উন্নয়নকৃত ERP সফটওয়্যারের ০৯ (নয়)টি মডিউলের উন্নয়ন কার্যক্রম চলমান আছে। উন্নয়নকৃত ০৯টি মডিউলের মধ্যে ০৪ (চারটি) মডিউলের ব্যবহার কার্যক্রম আইসিটি বিভাগ ও পরিকল্পনা বিভাগসহ অধীনস্থ ১০টি সংস্থায় শুরু হয়েছে। অবশিষ্ট ০৫ (পাঁচটি) মডিউলের উন্নয়ন কার্যক্রম আগামী ডিসেম্বর ২০২০ সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে মর্মে আশা করা যাচ্ছে। আইসিটি বিভাগ ও পরিকল্পনা বিভাগসহ অধীনস্থ ১০টি সংস্থায় ব্যবহৃত ০৪টি মডিউলের মাধ্যমে নিম্নরূপ কার্যক্রম সম্পাদন করা হচ্ছে:


- **(ক) Meeting Management Module:** এ মডিউলের মাধ্যমে সভার নোটিশ প্রস্তুত, নোটিশ জারী, কার্যপত্র ও কার্যবিবরণী প্রস্তুত এবং জারীসহ অন্যান্য কার্যক্রম অতি দ্রুততার সাথে সম্পন্ন করা সম্ভব হচ্ছে। এছাড়া, সকল সভার রেকর্ড ডিজিটালি সংরক্ষণ করার ফলে তাৎক্ষণিকভাবে সভা সংক্রান্ত যে কোন তথ্য প্রাপ্তি সহজ হবে;
- **(খ) Inventory ও (গ) Asset Management Module:** এ দু'টি মডিউল ব্যবহারের মাধ্যমে প্রাধিকার অনুযায়ী সকল কর্মচারিকে অফিস স্টেশনারী প্রদান ও হিসাব সংরক্ষণ, স্টোর ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনয়ন, অফিস স্টেশনারী ও অন্যান্য সামগ্রীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, উপযুক্ত পরিমাণ অফিস সামগ্রী মজুদ ও ক্রয়ের জন্য বাস্তবভিত্তিক পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি সহজ হবে; এবং
- **(ঘ) Procurement Module:** এ মডিউল ব্যবহারের মাধ্যমে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী সরকারি ক্রয় কার্যক্রম পরিচালনা, বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) প্রস্তুত ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হবে। এ মডিউলটি e-GP এর সাথে Integration এর মাধ্যমে কাজ করবে বিধায় সরকারি ক্রয় সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা সম্ভব হবে। অন্যান্য মডিউলসমূহের মাধ্যমে দাপ্তরিক সকল কার্যক্রম অটোমেশনের আওতায় আনয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। আলোচ্য প্রকল্পের আওতায় উন্নয়নকৃত ইআরপি সফটওয়্যারটি সরকারি বিভিন্ন দপ্তরে চালুকৃত e-Nothi, e-GP, PMIS, iBas++ সফটওয়্যারের সাথে ইন্টিগ্রেশনের সুবিধা রয়েছে। দেশীয় প্রতিষ্ঠানের মাধ্যমে ইআরপি সফটওয়্যার উন্নয়ন করার ফলে উন্নয়ন, মেইনটেন্যান্স, লাইসেন্স ফি, ইন্টিগ্রেশনসহ আনুষাঙ্গিক অন্যান্য কার্যক্রম পরিচালনা ব্যয় অনেক কম এবং এর মাধ্যমে প্রচুর মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হবে। ইআরপি সফটওয়্যারটি সরকারি দপ্তরসমূহে ব্যবহারের ফলে তথ্যপ্রযুক্তি খাতের বিকাশ, অভ্যন্তরীণ সক্ষমতা বৃদ্ধি, স্থানীয় প্রতিষ্ঠানের দক্ষতা উন্নয়ন, উদ্ভাবন উৎসাহিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি, ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ ও মেধাস্বত্ব সংরক্ষণ করা সম্ভব হবে।

০৩। এমতাবস্থায়, আলোচ্য প্রকল্পের আওতায় দেশীয় প্রতিষ্ঠানের মাধ্যমে উন্নয়নকৃত ও উন্নয়নাধীন ইআরপি সফটওয়্যারটির

০৯টি মডিউলের সাধারণ পরিচিত, উল্লেখযোগ্য বৈশিষ্ট্যসমূহ এবং বিভিন্ন মডিউলের সুবিধাসমূহের সংক্ষিপ্ত বিবরণী সদয় অবগতির লক্ষ্যে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।



৫-৮-২০২০

মোঃ মনির হোসেন

উপসচিব

ফোন: ০২-৪১০২৪০৩৭

ইমেইল: manir@ictd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৩) সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪) সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ
- ৬) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৭) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
- ৮) সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
- ১০) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ১১) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ১২) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ১৩) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ১৫) সচিব, জন বিভাগ
- ১৬) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ১৭) সচিব, অর্থ বিভাগ
- ১৮) সচিব, আইন ও বিচার বিভাগ
- ১৯) সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
- ২০) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ২১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২২) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২৩) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ২৪) সচিব, সচিবের দপ্তর, তথ্য মন্ত্রণালয়
- ২৫) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
- ২৬) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
- ২৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ২৮) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২৯) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
- ৩০) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
- ৩১) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
- ৩২) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়


- ৩৩) সচিব, বিদ্যুৎ বিভাগ
 ৩৪) সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
 ৩৫) সচিব, ভূমি মন্ত্রণালয়.
 ৩৬) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
 ৩৭) সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
 ৩৮) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
 ৩৯) সচিব, শিল্প মন্ত্রণালয়
 ৪০) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
 ৪১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
 ৪২) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 ৪৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
 ৪৪) সচিব, রেলপথ মন্ত্রণালয়
 ৪৫) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
 ৪৬) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
 ৪৭) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
 ৪৮) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
 ৪৯) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
 ৫০) সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
 ৫১) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
 ৫২) সচিব, সেতু বিভাগ
 ৫৩) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
 ৫৪) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
 ৫৫) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ
 ৫৬) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
 ৫৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০২২.১৪.১৯৮.১৯.৩০৩/১(৬)

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৭
 ০৫ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ২) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৪) প্রকল্প পরিচালক, বাংলাদেশ ই-গভর্নমেন্ট ইআরপি প্রকল্প, বিসিসি
- ৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



৫-৮-২০২০
 মোঃ মনির হোসেন
 উপসচিব